

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কোটচাঁদপুর, ঝিনাইদহ।

[kotchandpur.jhenaidah.gov.bd](http://kotchandpur.jhenaidah.gov.bd)

উপজেলা ইনোভেশন কমিটির মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : উছেন মে  
উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।

সভার তারিখ : ২৫.০৫.২০২৩ খ্রি.

সভার সময় : বিকাল- ৩.০০ ঘটিকা

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপজেলা ইনোভেশন কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা ইনোভেশন কমিটির সভার গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার জন্য সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ: সহকারী কমিশনার (ভূমি), এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী আছে কিনা সংযুক্ত সদস্যদের নিকট জানতে চাওয়া হলে সংযুক্ত সদস্যগণ কোন সংশোধনী নেই মর্মে জানান।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় গৃহিত হয়।	সহকারী কমিশনার (ভূমি)
০২	উপজেলা ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠান: সহকারী কমিশনার (ভূমি), কোটচাঁদপুর জানান যে, প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী অনুযায়ী এ কার্যালয়ে ইনোভেশনের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে নিশ্চিত করতে হবে।	প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ নিশ্চিত করতে হবে	সহকারী কমিশনার (ভূমি)
০৩	প্রকল্পের নাম: “ <b>আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ করি, সুন্দর ভবিষ্যৎ গড়ি</b> ” : প্রকল্পে কোটচাঁদপুর উপজেলায় আত্মহত্যা প্রতিরোধে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা তথ্য আপা, কোটচাঁদপুর এর উঠান বৈঠক ও মহিলা সমাবেশ চলমান আছে। এছাড়া বিভিন্ন ফোরামে আত্মহত্যা প্রতিরোধে জনসচেতনামূলক কার্যক্রম অব্যাহত রয়েছে।	আত্মহত্যা প্রতিরোধে মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা তথ্য আপাকে সভা সমাবেশ, উঠান বৈঠক, চলচ্চিত্র প্রদর্শনী ও লোকসংগীত কার্যক্রম চলমান রাখতে হবে।	মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা তথ্য আপা
০৪	প্রকল্পের নাম: “ <b>মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশ বান্ধব ভার্মি কম্পোস্ট উৎপাদন এবং ব্যবহার সম্প্রসারণ এর মাধ্যমে রাসায়নিক সারের ব্যবহার হ্রাসকরণ</b> ” মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশ বান্ধব ভার্মি কম্পোস্ট উৎপাদন এবং ব্যবহার সম্প্রসারণ এর মাধ্যমে রাসায়নিক সারের হ্রাসকরণ প্রকল্পে ২৬ এপ্রিল ২০২৩	মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশ বান্ধব ভার্মি কম্পোস্ট উৎপাদন এবং ব্যবহার সম্প্রসারণ এর মাধ্যমে রাসায়নিক সারের	উপজেলা কৃষি অফিসার

	তারিখ মাননীয় জেলা প্রশাসক ঝিনাইদহ মহোদয়, এলাঞ্জী ইউনিয়ন পরিষদ চত্বর, কোটচাঁদপুরে উক্ত প্রকল্পের কার্যক্রম শুভ উদ্বোধন করেন। বর্তমান এলাঞ্জী ইউনিয়ন পরিষদ চত্বরে ভার্মি কম্পোস্ট সার উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে। অর্থপ্রাপ্তি স্বাপেক্ষে অন্যান্য ইউনিয়নে লিড কৃষকদের প্রশিক্ষণ ও প্রদর্শনী স্থাপনের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।	হাসকরণ প্রকল্প এলাঞ্জী ইউনিয়নের ন্যায় অন্যান্য ইউনিয়নে চালু করতে হবে।	
০৫	প্রকল্পের নামঃ “ সমন্বিত মাছচাষের অংশ হিসেবে স্বাদু পানিতে মুক্তা চাষ সম্প্রসারণ” কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের শিবনগর গ্রামে মুক্তা চাষে সাফল্য পেয়েছেন ড.নজরুল ইসলাম। পুকুরে মুক্তা চাষ করে রীতিমতো চাঞ্চল্য সৃষ্টি করেছেন তিনি। জানা গেছে, ৩.৩ একরের এই প্রকল্পে রয়েছে ২টি পুকুরে সৌন্দর্যবর্ধনের পাশাপাশি পুকুরের পাড়কে উৎপাদনমুখী করার জন্য বিশেষভাবে প্রস্তুত করেছে। পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্র চাষের সাথে চলছে দেশীয় প্রজাতির ঝিনুকের ভিতর মুক্তা চাষ। এ নিয়ে ড. নজরুল ইসলামের সাথে কথা বলে জানা যায়, প্রতিটি ঝিনুকে মুক্তা চাষ করতে খরচ মাত্র ৫০ টাকা। একেকটি ঝিনুকে দুইটি করে মুক্তা পাওয়া যায়। প্রতিটি মুক্তার বর্তমান বাজার মূল্য ‘চারশ থেকে পাঁচশ’ টাকা।	সমন্বিত মাছচাষের অংশ হিসেবে স্বাদু পানিতে মুক্তা চাষ উপজেলার অন্যান্য গ্রামের মাছ চাষীদের নিয়ে মুক্তাচাষের সফলতা সম্পর্কে আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার

অতএব সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(উছেন মে)

উপজেলা নির্বাহী অফিসার

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

মোবাইল নং: ০১৩২৪-১৬৪৮১০

B-•gBj :

[unokotchandpur@mopa.gov.bd](mailto:unokotchandpur@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.৪৪.৪৪৪২.০০০.১৫.০২৩.২৩-৪৬৮

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ ১৪৩০  
২৫ মে ২০২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

০২। উপজেলা..... অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।

০৩। অফিস কাপি।

(উছেন মে)

উপজেলা নির্বাহী অফিসার

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

